গাংনীতে মাদকসেবীকে কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত

গাঁজা সেবনের অপরাধে বেদ আলী (৬২) নামের এক মাদক সেবীকে ১৫ দিন বিনাশ্রম কারাদন্ড ও ১ শ টাকা অর্থদন্ড করেছে ভ্রাম্যমান আদালত। বেদ আলী গাংনী উপজেলার বাওট গ্রামের মৃত করিম মন্ডলের ছেলে।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলা পরিষদ চত্তরে ভ্রাম্যমান আদালত বসে এ দন্ড দেন।

এর আগে মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল বেদ আলীর বাড়িতে অভিযান চালিয়ে ৫০ গ্রাম গাঁজাসহ তাকে আটক করে ভ্রাম্যমান আদালতে নিয়ে আসেন।

বেদ আলী তার দোষ স্বীকার করায় আদালত তাকে এ দন্ড দেন।

গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

মাদক, বাল্যবিবাহ প্রতিরোধ ও শিক্ষার মানোন্নয়নে মত বিনিময় সভা গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয় হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) দুপুর ১২ টার সময় বিদ্যালয়ের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানার সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা

মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মাহফুজুল হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার

স্বাগত বক্তব্য রাখেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন। বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও স্কুলের ছাত্র ছাত্রী বৃন্দি উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নানা আয়োজনে জেল হত্যা দিবস পালিত

মেহেরপুরে জাতীয় ৪ নেতার প্রতি শ্রদ্ধা জানিয়ে নানা আয়োজনে জেল হত্যা দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) সকালে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাড়ির সামনে জাতীয়, দলীয় ও কালো পতাকা উত্তোলন করেন নেতৃবৃন্দ।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, সাধারণ সম্পাদক ও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিনসহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ জাতীয় দলীয় ও কালো পতাকা উত্তোলন করেন। পরে জাতীয় ৪ নেতার প্রতি শ্রদ্ধা জানিয়ে তাদের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের পক্ষে সাধারণ সম্পাদক এম এ খালেক সদর উপজেলা আওয়ামী লীগ, পৌর আওয়ামী লীগ, জেলা যুবলীগ, যুব মহিলা লীগ, কলেজ ছাত্রলীগ সহ বিভিন্ন অঙ্গ সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

মেহেরপুর জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনামের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাসেম, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফন নেছা লতা, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী, পৌর কাউন্সিলর রোকসানা কামাল।

মেহেরপুরে পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় ৭ জন আহত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের বারাদীতে আলমসাধু ও মোটরাসাইকেলের সাথে সংঘর্ষে তিন জন আহত হয়েছেন। আহতরা হলেন বারাদী গ্রামের মজিবুর রহমান (৫০), সাদু মিয়া (৬৫) ও মোমিনপুর গ্রামের আফজাল আলী (৬৫)।

স্থানীয়দের সহযোগিতায় দমকলকর্মীরা এদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেছেন। এসময় আলগামনে থাকা মাছ রাস্তার উপর ছিটকে পড়ে এক মাছ ব্যবসায়ীর প্রচুর ক্ষতি হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) সকাল ৮ টার দিকে বারাদী নামক স্থানে এই সড়ক দুর্ঘটনা ঘটে।

অপর দিকে বুধবার দিবাগত রাতে গাংনী-কাথুলি সড়কের চৌগাছা পশ্চিম পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে এক সড়ক দুর্ঘটনায় প্রায় ৭ জন আহত হয়েছেন।

আহতের মধ্যে রয়েছেন, , চৌগাছা গ্রামের পারভেজ হোসেন (১৫), লিখন (১৬), হৃদয় হোসেন (১৫), আলগামন চালক আহসান আলী (৪০) ও হাসিবুল ইসলাম (২২), আলী হোসেন (২৪) ও মাসুম হোসেন (৩৪)। ভ্যানকে সাইড দিতে গিয়ে আলগামনটি রাস্তার উপর উল্টে পড়লে এ সড়ক দুর্ঘটনা ঘটে। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

[redacted]

[redacted]

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন প্রথম বর্ষের শিক্ষার্থী হৃদয় আলী এবং বিদায়ী শিক্ষার্থী সুলতান আহমেদ।

অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলাওয়াত করেন কাউসার আলী।

এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তারা বলেন, বর্তমান সরকার শিক্ষা বান্ধব সরকার। আধুনিক শিক্ষার সাথে তাল মিলিয়ে দক্ষভাবে শিক্ষার্থীদের গড়ে উঠতে হবে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে শিক্ষার্থীদের ব্যাপক ভূমিকা পালন করতে হবে বলেও জানান তাঁরা।

বক্তারা আরও বলেন, মাদক থেকে দূরে থাকতে হবে, মেধা মননশীলতায় কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে নিজেকে দক্ষ হয়ে মানবিক মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে। তাই শিক্ষা অর্জনের পাশাপাশি মানবিক মানুষ হিসেবে নিজেদের জীবন গড়ে তুলতে তারা শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। এছাড়া আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিভিন্ন বিষয়ের উপর বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপদেশ মুলক বিভিন্ন বক্তব্য প্রদান করেন অতিথিবৃন্দ।

অনুষ্ঠান শেষে রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পরীক্ষার্থীদের জন্য ক্লিয়ার ফাইল, কলম, নোট ও স্কেল হিসেবে প্রদান করা হয়।

আলমডাঙ্গায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে অর্থ আত্মসাতের সত্যতা পেয়েছে তদন্ত কমিটি

আলমডাঙ্গার খেজুরতলা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাসলিমা খাতুনের বিরুদ্ধে অর্থ আত্মসাৎ এর ঘটনায় তদন্তে সত্যতা পেয়েছে শিক্ষা অফিস।বুধবার (২ নভেম্বর) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের তদন্তে বেরিয়ে আসে কাজ না করেও ভুয়া বিল দেখিয়ে ৪০ হাজার টাকা লুটপাট করে ।

এ ঘটনায় এলাকাজুড়ে ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়। দুর্নীতিবাজ

প্রধান শিক্ষককে অপসারণের দাবিতে বিভাগীয় শাস্তির দাবি তোলেন ম্যানেজিং কমিটির সদস্য ও স্থানীয় শিক্ষার্থীদের অবিভাবকেরা।

স্থানীয় সূত্র জানায়, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নে অবস্থিত খেজুরতলা প্রাথমিক বিদ্যালয়। গত কয়েক বছর যাবৎ খেজুরতলা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে তাসলিমা খাতুন দায়িত্বপালন করে আসছে।

ওই স্কুলে সাবেক সভাপতি হিসাবে দায়িত্বপালন করে খেজুরতলা গ্রামের জলিল মন্ডল। গত ৯ বছর যাবৎ তিনি এ দায়িত্বপালন করেন। বর্তমানে স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি শরিফুল ইসলাম।

গত কিছুদিন পূর্বে খেজুরতলা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাসলিমা খাতুনের বিরুদ্ধে অর্থ আত্মসাৎ এর ঘটনায় উত্তেজনা বিরাজ করে। স্থানীয় গণমাধ্যমে দুর্নীতির অভিযোগে সংবাদ প্রকাশ পায়। স্কুল কমিটির পক্ষ থেকে আলমডাঙ্গা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর দুর্নীতির অভিযোগ তুলে লিখিত প্রদান করেন।

লিখিত অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সহকারী দুই শিক্ষা অফিসার আশরাফুল ইসলাম ও রশিদুল ইসলাম দুর্নীতির তদন্ত শুরু করে।

বুধবার সকাল ১১ টা থেকে বিকেল সাড়ে ৩ টা পর্যন্ত এ তদন্ত কার্যক্রম পরিচালনা করেন। তদন্তে ২০২০-২১ অর্থ বছরে বিভিন্ন খ্যাত দেখিয়ে ভুয়া বিল ভাউচারে ২৮ হাজার ও ২০২১-২২ অর্থ বছরে ১২ হাজার টাকা লোপাট করে।

এ ঘটনায় আলমডাঙ্গা উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার আশরাফুল ইসলাম জানান, সকাল থেকে দুর্নীতির অভিযোগে তদন্ত শুরু হয়। তিনি মোট ৪০ হাজার টাকা লোপাট করে।

তিনি আরো জানান, তদন্ত প্রতিবেদন পাঠানোর পর উপজেলা শিক্ষা অফিস তার বিরুদ্ধে কি পদক্ষেপ নিবেন তা পরবর্তীতে জানানো হবে।

ম্যানেজিং কমিটির সভাপতি শরিফুল ইসলাম বলেন, প্রধান শিক্ষক মনগড়া ভাবে বিল ভাউচারের মাধ্যমে টাকা লুটপাট করেছে। তদন্তে তার বিলের সাথে কাজ দেখাতে পারিনি।

আলমডাঙ্গার সরকারি জমি দখল করে বাড়ি নির্মাণে, অনিশ্চিয়তায় রাস্তা

আলমডাঙ্গার জোরগাছা গ্রামে সরকারি রাস্তার জমি দখল করে বাড়ি-ঘর নির্মাণের অভিযোগ উঠেছে। টেন্ডারের পাঁকা রাস্তা নির্মাণকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। রাস্তার জমি না দিতে মরিয়া দু,টি পক্ষ। স্থানীয়রা উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্বারক লিপি দিয়েও মিলছে না সুরাহ।

স্থানীয় সূত্র জানায়, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের জোরগাছা গ্রামের ওয়ার্ড বিএনপির সভাপতি গোলাম সরোয়ার, একই গ্রামের সফি উদ্দিন সরকারি রাস্তার জমি দখল করে বাড়ি-ঘর নির্মাণ করে।

ওই রাস্তার মোট জমির প্রস্ত ২৪ ফিট। যা সম্পূর্ণ সড়ক ও জনপথ এলজিইডির আওতাধীন। বিগত রাস্তাটি হেরিং হওয়ার সুযোগে গোলাম সরোয়ার ও সফি উদ্দিন ঘর নির্মাণ করে।

বর্তমানে রাস্তাটি জনসাধারণের যাতায়াতের জন্য ১২ মিটার পাকা করণের কাজ শুরু হয়। এতে বিপত্তি সৃষ্টি হয় এলাকাবাসী।

রাস্তার মোট ২৪ ফিট জায়গার মধ্যে গোলাম সরেয়ারের বাড়ি-ঘরে দখল করেছে ৫ ফিট ও সফির ঘরের মধ্যে ৩ ফিট জায়গা রয়েছে। অবশিষ্ট জমি রাস্তার থাকলেও তা সড়ক নির্মাণের জন্য বাঁধা প্রদান করে আসছে। এতে রাস্তা নির্মাণ কাজের ব্যাঘাত পোহাত হচ্ছে ঠিকাদারি প্রতিষ্ঠানকে।

দফায় দফায় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত হয়ে বিষয়টি মিমাংসার চেষ্টা করে। সুরাহ না মেলায় এলাকাবাসীর গণসাক্ষরিত অভিযোগ করেছে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের নিকট। উপজেলা নির্বাহী অফিসার কোন পদক্ষেপ না নেওয়ায় এলাকাজুড়ে ব্যাপক উত্তেজনা বিরাজ করছে। এই রাস্তা নির্মাণকে কেন্দ্র করে ঘটতে পারে

সাংঘর্ষিক ঘটনা।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর জানান, সরকারি রাস্তার জমি দখলের অভিযোগে স্থানীয়রা লিখিত অভিযোগ করেছে।

তিনি আরো জানান, সরকারি জমি দখলের কোন সুযোগ নেই। জমি যদি দখল করে থাকে তাহলে তাদের অবশ্যই দখলকৃত জমি ছেড়ে দিতে হবে।

মুজিবনগরে সরস্বতী খালে মৎস্য অফিসের ভ্রাম্যমান অভিযান অবৈধ বাঁধ অপসারণ

মুজিবনগর উপজেলার সরস্বতী খালের অবৈধ বাঁধ অপসারণ করা হয়েছে। বুধবার সকালে উপজেলা সিনিয়র মৎস্য অফিস কার্যালয় মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করে এসব অবৈধ বাঁধ অপসারণ করে।

সরস্বতী খালে কিছু অসাধু ব্যক্তি পলিথিন এবং নেট জাল দিয়ে বাঁধ দিয়ে পানির স্বাভাবিক প্রবাহ বন্ধ করে মাছ শিকার করে আসছিল। পানির স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে এবং অবৈধ বাঁধ দিয়ে মাছ শিকার করা অসাধু ব্যক্তিদের বিরুদ্ধে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করে সরস্বতী খালের আটটি বাঁধ অপসারণ করা হয় এবং বাঁধ দেওয়া পলিথিন ও নেট জাল পুড়িয়ে ধ্বংস করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস এই অভিযান পরিচালনা করেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সিনিয়র মৎস্য অফিসার শহিদুল ইসলাম এবং মৎস্য অফিসের কর্মকর্তা কর্মচারী। এস আই বিপ্লব কুমারের নেতৃত্বে মুজিবনগর থানা পুলিশের একটি টিম ভ্রাম্যমাণ আদালতের এই অভিযানের সার্বিক সহযোগিতা করেন।

ঝিনাইদহে বিএনপি নেতা মশিউর রহমানের রাষ্ট্রিয় মর্যাদায় দাফন

বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা ও ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ মশিউর রহমানের মৃতদেহ রাষ্ট্রিয় মর্যাদায় দাফন করা হয়েছে।

বুধবার ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয় মাঠ ও হরিণাকুন্ডু উপজেলার মনিরুদ্দীন বিশ্বাস মাধ্যমিক বিদ্যালয় মাঠে দু’দফা জানাজা শেষে বিকালে কন্যাদহ গ্রামের পারিবারিক গোরস্থানে তাকে দাফন করা হয়।

বুধবার বেলা ১১টার দিকে ঝিনাইদহ জেলা প্রশাসন ও পুলিশের পক্ষে গার্ড অব অনার প্রদান করা হয়। এ সময় বিউগলে বেঁজে ওঠে করুন সুর। ঝিনাইদহ শহরে অনুষ্ঠিত জানাজার নামাজে ইমামতি করেন কোটচাঁদপুর আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ বাহারুল ইসলাম। বুধবার সকাল থেকে জানাজায় শরীক হতে ঝিনাইদহের বিভিন্ন প্রান্ত থেকে বিএনপি নেতাকর্মী ছাড়াও হাজার হাজার সাধারণ মানুষ ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয় মাঠে আসতে থাকেন। শুধু ঝিনাইদহ নয়, আশপাশ জেলা থেকেও বিএনপির জৈষ্ঠ এই নেতার প্রতি শেষ শ্রদ্ধা জানাতে মানুষ জানাজা স্থলে ছুটে আসেন।

ফলে বেলা ১১টার মধ্যে সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের বিশাল মাঠ কানায় কানায় পুর্ন হয়ে যায়। জানাজায় অংশ নেয়া অনেকের এ সময় বলতে শোনা যায় মশিউর রহমান যে সত্যিকারের একজন জননেতা ছিলেন, তা মৃত্যুর পরও প্রমান করে দিলেন। জানাজা শুরুর আগে মশিউর রহমানের বর্নাঢ্য রাজনৈতিক জীবনের স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন তার বাল্যবন্ধু ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী প্রবিণ রাজনীতিবিদ আব্দুল হাই এমপি।

এছাড়া বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপার্সন তারেক রহমানের পক্ষে দলের কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান, কেন্দ্রীয় নেতা

নিতাই রায় চৌধুরী, খায়রুল কবীর খোকন, আজিজুল বারী হেলাল, অনিন্দ্য ইসলাম অমিত, এ্যাড আসাদুজ্জামান আসাদ, জয়ন্ত কুমার কুন্ডু, আমিরুজ্জামান খান শিমুল, সাইফুল ইসলাম ফিরোজ, রফিকুল ইসলাম বকুল, কুষ্টিয়ার সাবেক এমপি সৈয়দ মেহেদী হাসান রুমি, অধ্যক্ষ সোহরাব উদ্দীন, যশোরের সাবেরুল হক সাবু, মাগুরার মনিরুল ইসলাম, খুলনার সফিকুল ইসলাম মনা, আকতার হোসেন, শফিকুল ইসলাম তুহিন, আলী আহম্মেদ, তোজাম্মেল হোসেন, সাবেক এমপি আব্দুল ওহাব, মশিউর রহমানের বেয়াই খুলানার সাবেক মেয়র আব্দুল গাফ্ফার বিশ্বাস, ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান হারুন অর রশিদ, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, হরিণাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেনসহ আওয়ামী লীগ, বিএনপি, জাতীয় পার্টি, জামায়াতে ইসলামী বাংলাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জানাজা অনুষ্ঠানে ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি আব্দুল হাই এমপি তার বক্তব্যে বলেন, বন্ধু মশিউরের সঙ্গে আমার রাজনৈতিক মতপার্থক্য থাকলেও কোন বিরোধ ছিল না। সে আমার একজন খাটি বন্ধু ছিল। তার ধ্যানজ্ঞান ছিল ঝিনাইদহের উন্নয়ন। রনাঙ্গনে তার সঙ্গে যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি। তার মৃত্যুতে ঝিনাইদহ তথা দেশবাসি একটি সত্যিকারের দেশ প্রেমকিকে হারালো।

উল্লেখ্য ঝিনাইদহ উন্নয়নের কারগির খ্যাত বিএনপির এই বর্ষিয়ান নেতা মঙ্গলবার বেলা ১১টার দিকে ঝিনাইদহ শহরের গীতাঞ্জলী সড়কে উন্তেকাল করেন। তার মৃত্যুতে শোকে স্তব্ধ হয়ে যায় ঝিনাইদহ ও হরিণাকুন্ডুবাসী। এই দুই উপজেলাসহ ঝিনাইদহ গণমানুষের মাঝে শোকের ছায়া নেমে আসে।

মেহেরপুরে ২ ব্যবসায়ী প্রতিষ্ঠানকে জরিমানা

ব্যবসা প্রতিষ্ঠানে মূল্য তালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে গাংনী উপজেলার সাহারবাটি এলাকায়

দুটি দোকানে ১০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ সোমবার বেলা ২ টার সময় গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের চারচারা বাজারে এ অভিযান চালান জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।

এসময় মেহেরপুর জেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তাজিমুল হক উপস্থিত ছিলেন।

সাহারবাটি বাজারের মেসার্স বিশ্বাস ট্রেডার্স নামক প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে প্রচুর মেয়াদ উত্তীর্ণ পণ্য জব্দ করা হয়। ব্যবসা প্রতিষ্ঠানে মূল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ৮ হাজার টাকা জরিমানা করা হয়।

মেসার্স ফেরদৌস স্টোরকে চিনিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও মানহীন পণ্য জনসম্মুখে পুড়িয়ে নষ্ট করা হয়। এছাড়া ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।